

৭ নং বালিজুরী ইউনিয়ন পরিষদ কার্যালয়
তাহিরপুর, সুনামগঞ্জ।

ফোন: ০১৭১৮-৮১৯৭৬২.০১৮৫৩-৯৭২৭২০. Email: maitrabijit@yahoo.com

স্মারক : ৪৬.০০.৪৩১০.০০০.০৬.০০৩.১৮.

তারিখ : ০৫/০৭/২০১৮ খ্রি

০৭ নং বালিজুরী ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণীর অনুলিপি :

সভার স্থান : ইউপি কার্যালয় তারিখ: ০৫/০৭/২০১৮ সময় : দুপুর ১২.৩০ ঘটিকায়

সভাপতি : জনাব মো: আব্দুল জহুর তালুকদার, চেয়ারম্যান, ৭নং বালিজুরী ইউনিয়ন পরিষদ।

আলোচ্য বিষয় : বর্তমান দুর্যোগ পরিস্থিতি নিয়ে আলোচনা ও করণীয় বিষয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী :

ক্র:নং	নাম	পদবী
১.	জনাব মো: আব্দুল জহুর তালুকদার	
২.	জনাব বাবুল মিয়া	ইউপি সদস্য-১
৩.	জনাব সুহেল মিয়া	ইউপি সদস্য-২
৪.	জনাব রেনু মিয়া	ইউপি সদস্য-৩
৫.	জনাব বুলবুল হক	ইউপি সদস্য-৪
৬.	জনাব একরামুল হুদা	ইউপি সদস্য-৫
৭.	জনাব ফারুক মিয়া	ইউপি সদস্য-৭
৮.	জনাব মো: আব্দুল মমিন	ইউপি সদস্য-৮
৯.	জনাব আব্দুল ওয়াহিদ	ইউপি সদস্য-৯
১০.	জনাবা কামরুন্নেছা চৌধুরী	ইউপি সদস্য-সংরক্ষিত-১
১১.	জনাবা সুমিত্রা চন্দ	ইউপি সদস্য-সংরক্ষিত-২
১২.	জনাবা রেবা আক্তার	ইউপি সদস্য-সংরক্ষিত-৩
১৩.	জনাব বদরুল আলম	গ্রাম আদালত সহকারী
১৪.	জনাব ইসমাইল হোসেন	গণ্যমান্য

১৫.	জনাব শিরিন মিয়া	গণ্যমান্য
১৬.	জনাব মিলন তুকদার	গণ্যমান্য
১৭.	জনাব সুবাস মিয়া	গণ্যমান্য
১৮.	জনাব সইফুল	গণ্যমান্য
১৯.	জনাব বিজিত মৈত্র	ইউপি- সচিব

সিদ্ধান্ত : সভাপতি সাহেব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি সাহেব সভাকে জানান যে, সাম্প্রতিক সময়ে অতিবৃষ্টির কারণে পাহাড়ি ঢলে নদীর পানি বৃদ্ধি পাচ্ছে এবং আকস্মিক বন্যা হওয়ার সম্ভাবনা দেখা যাচ্ছে। তাই এই দুর্যোগকালীন সময়ে সার্বিক প্রস্তুতি সকলকেই নিতে হবে। এমতাবস্থায় সচেতনতা গড়ে তোলা জরুরী, কারণ একটু সচেতন হলে হয়তো বড় ধরনের দুর্ঘটনার হাত থেকে রক্ষা পাওয়া যায়। তিনি আরো বলেন যে, এ ধরনের দুর্যোগ দেখা দিলে সাথে সাথে প্রত্যেক ওয়ার্ডে উদ্ধার কমিটি গঠন করতে হবে। এছাড়া অত্র ইউনিয়নের অধিবাসীদেরকে নিকটতম আশ্রয় কেন্দ্রে কিংবা নিরাপদ স্থানে অবস্থান নেয়ার জন্য সকলের প্রতি অনুরোধ জানানো হয়। সভাপতি সাহেব সভার সকলের অনুমোদনক্রমে বলেন যে, কিছুক্ষণ পর মাইকিং করে জনগনকে সতর্ক ও সচেতন হওয়ার অনুরোধ জানানো হবে। সভায় ইউপি সচিব জনাব বিজিত মৈত্র জানান যে, এ এলাকায় সাধারণত জুলাই আগষ্ট ও সেপ্টেম্বর মাসে বন্যা হয়ে থাকে এবং পাহাড়ি ঢলের কারণে বন্যার পানি বিপদ সীমা অতিক্রম করে। তাছাড়াও রয়েছে আফাল, বজ্রপাত, ফ্লাশপ্লাড, জলাবদ্ধতা ইত্যাদি এবং সুনামগঞ্জ হাওর অঞ্চল জেলা বিধায় এ জেলার উপর দিয়ে পাহাড়ি ডলে বন্যা হওয়ার সম্ভাবনা রয়েছে। আবহাওয়া অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট এলাকায় বিভিন্ন সময়ে ভারী বৃষ্টি ও বন্যার আগাম সতর্কতা সংকেত প্রদর্শন করে আসছে। অত্র ইউনিয়নের সকল গ্রাম পুলিশকে এবং ইউনিয়ন দুর্যোগ স্বেচ্ছা সেবক দলকে তাদের সংশ্লিষ্ট ওয়ার্ডে দুর্যোগ কালীন সময়ে যথাযথ দায়িত্ব পালনের নির্দেশ দেওয়া হয়। যে কোন জরুরী প্রয়োজনে চেয়ারম্যান (০১৭১৩৩০০০৪৩) ও ইউপি সচিবের (০১৭১৮৮১৯৭৬২) সাথে যোগাযোগের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

বন্যা ও পাহাড়ি ঢলে আক্রান্ত জনগনের মাঝে শুকনা খাবার প্রদান করার জন্য উপস্থিত সদস্যবৃন্দ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদয় দৃষ্টি কামনা করেন।

সভার কার্যবিবরণির অনুলিপি উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণের জন্য সভাপতি সাহেবকে অনুরোধ জানানো হয়।

অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সবার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আব্দুল জহুর তালুকদার
চেয়ারম্যান

৭ নং বালিজুরী ইউনিয়ন পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।

ইমেইল:- balijuriupchairman@gmail.com

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরণ করা হলো :-

১. উপজেলা পরিষদ চেয়ারম্যান তাহিরপুর, সুনামগঞ্জ।
২. উপজেলা নির্বাহী কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
৩. অফিস কপি।

মো: আব্দুল জহুর তালুকদার
চেয়ারম্যান

৭ নং বালিজুরী ইউনিয়ন পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।

ইমেইল:- balijuriupchairman@gmail.com